orca
old friends
OLD RAJSHAHI CADETS ASSOCIATION

একটি অরকা মুখপত্র

# স্প্যান

রজত জয়ন্তী পূণর্মিলনী সংখ্যা ১৭ ডিসেম্বর '৯১ ঢাকা।



**ঐতিহ্যবাহী রাজশাহী ক্যাডেট কলেজের ২৫তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে অরকা আয়োজিত রজত জয়ন্তী পূণর্মিলনী '৯১ এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উক্ত অনুষ্ঠানের শুভ উদ্বোধন করতে সম্মত হওয়ায় সংশ্লিষ্ট সকলের পক্ষ থেকে অরকা, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয়া প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়াকে আন্তরিক ধন্যবাদ এবং কৃতজ্ঞতা জানাচ্ছে।**

## অরকা স্মারক

প্রতিষ্ঠালগ্ন থেকে অদ্যবধি অরকা'কে গড়ে তোলার জন্য যারা বিভিন্নভাবে বিশেষ অবদান রেখেছেন, অরকা'র বর্তমান সক্রিয় কর্মীদের নিজস্ব উদ্যেগে এবং মতামতের ভিত্তিতে তাদের মধ্যে থেকে শামসুন নাহার বেগম এবং ৮ জন অরকা সদস্যকে রজত জয়ন্তী পূণর্মিলনীতে 'অরকা স্মারক' প্রদানের জন্য মনোনীত করা হয়েছে। উল্লেখ্য অরকা'র প্রতি বিশেষ অবদান রাখার জন্য ইতিপূর্বে শেখ আব্দুল হামিদ (১/১) কে 'অর্ডার অব অরকা' প্রদান করা হয়েছে।

**অরকা স্মারকের জন্য** মনোনীতরা হচ্ছেনঃ-

(১)শামসুন্নাহার বেগম [আনিস (২/ ৪০) এর আম্মা]
(২) মোঃ আব্দুল মুইদ(২/৪২)
(৩) সিদ্দিকুর রহমান (২/৫৩)
(৪)তালেবুলমাওলাচৌধুরী (২/৫৮)
(৫) ইয়াওয়ার সাইদ (৭/৩৩৪)
(৬)মঞ্জুরফারুক চৌধুরী (১২/৬৯৬)
(৭)মোঃ আব্দুলমোকাদ্দেম১৩/১১)
(৮) মোঃ রফিকুল হক (১৫/৮২৭)

আমরা অনুরোধ করবো রিইউনিয়ন স্টিয়ারিং কমিটি 'অরকা স্মারক' গুলো মাননীয়া প্রধানমন্ত্রীর হাত দিয়েপ্রদানের ব্যবস্থা করবেন যাতে করে অন্যান্য সদস্যরাও অরকা'র কর্মকান্ডে অংশ গ্রহণে উ"সাহিত হয়।



*– বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠান '৭৩–এ বিগ্রেডিয়ার জিয়া।*

সর্বনাশা পদ্মা আমাকে খেয়ে ফেলছে

আমার সন্তানদের মুখ চেয়ে

আমাকেবাঁচান।

আমিবাঁচতেচাই।

–রাজশাহী ক্যাডেট কলেজ

## সম্পাদকীয়

গত ১১ই ফেব্রয়ারী ছিল রাজশাহী ক্যাডেট কলেজের ২৫তম প্রতিষ্ঠা বার্ষিকী। আর তাই ঐ তারিখেই কলেজের রজত জয়ন্তী উৎসব পালনের কথা ছিল। রজত জয়ন্তী উৎসবকে সামনে রেখে বেশ আগে থেকেই এর প্রস্তুতিও শুরু হয়েছিল। কিন্তু সময়তো আর বসে থাকেনা। তাই প্রস্তুতি সম্পন্ন না হলেও নির্দিষ্ট দিনটি ঠিকই এগিয়ে আসে। কিন্তু নির্দিষ্ট দিন নাগাদ প্রয়োজনীয় প্রস্তুতি সম্পন্ন না হওয়ায় রজত জয়ন্তী উৎসব পিছিয়ে দেওয়ার সিদ্ধান্ত নেয়া হয়। আর সেই পিছানোর পর থেকেই রজত জয়ন্তী উৎসবের মূল আয়োজন পুর্ণর্মিলনীও পিছাতে থাকে–একের পর এক। তবে পূর্ণমিলনী পিছানোর কোন সিদ্ধান্তই ইচ্ছাকৃত ছিল না। এই অনিচ্ছাকৃত ঘটনার পিছনে ছিল কিছু বিশেষ বিশেষ কারণ।

কখনও কর্মী কখনও অর্থের অপ্রতুলতার কারণে পূণর্মিলনী বিলম্বিত হলেও,পূণর্মিলনী বিলম্বিত হবার অন্য একটি প্রধান কারণ হচ্ছে কলেজ কর্তৃপক্ষেরঅসহযোগিতা।

অরকা কলেজের রজত জয়ন্তী উৎসব একটু ঘটা করে পালনের ইচ্ছা প্রকাশ করলেও কলেজ কর্তপক্ষ এ ব্যাপারে ছিল একবারেই নীরব। অরকা এবং কলেজ কর্তৃপক্ষ উভয়ের সমন্বয় ছাড়া এ অনুষ্ঠান সফল করা সম্ভব নয় বিধায় কর্তৃপক্ষের সাথে আলোচনার জন্য বিভিন্ন সময়ে অরকা প্রতিনিধিদল কলেজ সফর করলেও কর্তপক্ষ তেমন কোন সাড়া দেননি। বরং কর্তৃপক্ষ বিভিন্ন সময়ে বিভিন্ন সমস্যার কথা বলে এবং বিভিন্ন অযৌক্তিক শর্ত আরোপ করে রজত জয়ন্তী অনুষ্ঠান avoid করার চেষ্টা করেছেন। কিন্তু কলেজের প্রতি প্রাক্তন ক্যাডেটদের অকৃত্রিম ভালবাসার কারণে অরকা, কলেজ কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত সকল শর্ত সমূহ মেনে নিয়েপূণর্মিলনীআয়োজনেরাজীহয়।

বিগত বছর দুএকের মধ্যে দু'টি ক্যাডেট কলেজের রজত জয়ন্তী উৎসব পালিত হয়েছে। সেখানে প্রাক্তন ক্যাডেটদের যে সকল সুবিধাদি দেয়া হয়েছে তা রাজশাহী ক্যাডেট কলেজ কর্তৃপক্ষের অজানা নয়। এর পরেও রিইউনিয়নের ব্যাপারে কলেজ কর্তৃক অতিরিক্ত শর্তাবলী আরোপের বিষয়টি মোটেও বোধগম্য নয়।

অন্যদিকে বারবার পূণর্মিলনী বিলম্বিত হবার কারণে সদস্যদের অনেকেই বিভিন্নভাবে ক্ষতিগ্রস্ত হয়েছেন। ঐ সময়ে ছুটি নেবার কারণে অনেকে এখন ছুটি পাচ্ছেন না ফলে রিইউনিয়নে যেতে পারছেন না। অনেকে বার বার দেশে আসা কিংবা ঢাকা আসার কারণে সময় এবং অর্থ দুটি দিকেই ক্ষতিগ্রস্ত হয়েছেন। পূণর্মিলনী অনিচ্ছাকৃত বিলম্বিত হবার কারণে যে সব সদস্য বিভিন্নভাবে ক্ষতিগ্রস্ত হয়েছেন তার জন্য আমরা দুঃখিত।

রাজশাহী ক্যাডেট কলেজের রজত জয়ন্তী উপলক্ষে আয়োজিত পূণর্মিলনী সবার জন্য বয়ে আনুক অনাবিল আনন্দ। পূণর্মিলনী আবারও আমাদের স্মরণ করিয়ে দিক– Let all of us prosper together.

রজত জয়ন্তী পূণর্মিলনী উপলক্ষে প্রকাশিত স্প্যানের এই বিশেষ সংখ্যাটি রাজশাহী ক্যাডেট কলেজের সকল শহীদের উদ্দেশ্যে উৎসর্গ করা হলো।

## স্প্যান পরিষদ

**প্রধান উপদেষ্টাঃ**
এম আব্দুল মুইদ (২/৪২)
প্রেসিডেন্ট অরকা

**বিশেষ উপদেষ্টাঃ**
ডঃ আহসানুল কবীর (২/৩৬)
ভারপ্রাপ্ত মহাসচিব, অরকা
ইয়াওয়ার সাইদ (৭/৩৩৪)
আব্দুল মোকাদ্দেম(১৩/৭১১)

**সম্পাদক**
সাহাবুদ্দীন সরকার স্বপন (১৬/৯০৪)

**বিশেষ সংবাদদাতাঃ**
শিবলী (৬/২৮৪) খোকন (১৪/৭৯৯)
রফিক (১৫/৮২৭) মিলু (১৯/১০৫১)
ফাহমিদ (২১/১১৬৯) ইফতেখার (২১/১১২৬)



*– প্রথম অধ্যক্ষ উইং কমান্ডার এম সৈয়দ*

## অরকা পরিবার

পুরো পরিবারটিই অরকার কাজে নিবেদিত। পরিবার প্রধান হচ্ছেন–শামসুন্নাহার বেগম। ২৫০ নিউ এলিফ্যান্টস্থ অরকা অফিসটি তারই বাসায়অবস্থিত। শামসুন্নাহার বেগম অরকা সদস্য আনিস (২/৪০) এর আম্মা এবং সাদিরুল (২/৪৭) এর শাশুড়ী। একই পরিবারে দু'জন অরকা সদস্য হওয়ায় পুরো পরিচারটিই নিজেদেরকে অরকা'র কর্মকান্ডে জড়িয়ে ফেলেছে অরকা'র প্রতি এই পরিবারের অবদান কখনই অস্বীকার করা যাবে না। পরিবারের সবচেয়ে পরিচিত মুখ হচ্ছেন মিসেস নূরুন্নাহার অর্থাৎ সাদিরুল ভাবী।

অরকা অফিস এই বাসায় আসার পর থেকে অদ্যাবধি আনিসের আম্মা (খালাম্মা)এবং বোন অর্থাৎ সাদিরুল ভাবী যে ত্যাগ স্বীকার করেছেন এজন্য অরকা তাদের কাছে ঋণী। রজত জয়ন্তী পূণর্মিলনীর প্রাক্কালে অরকা তাদের গভীরভাবে স্মরণ করছে এবং তাদের এই ত্যাগের জন্য বিশেষভাবে কৃতজ্ঞতা জানাচ্ছে। অরকা'র প্রতি পরিবারের ত্যাগের প্রতিদান স্বরূপ পরিবারের প্রধান হিসেবে শামসুন্নাহার বেগমকে অরকা স্মারক প্রদান করা হলো।

## সক্রিয় ৯ম ব্যাচ

রিইউনিয়ন উপলক্ষে রিইউনিয়ন মনোগ্রাম যুক্ত সুদৃশ্য গেঞ্জি এবং ল্যাপেল পিন এর ব্যবস্থা করা হয়েছে। আর এ দুটোই স্পন্সর করছে৯ম ব্যাচের সদস্যরা। এজন্য নবম ব্যাচকে অরকা'র বিশেষ অভিনন্দন। অরকার যে কোন কর্মসূচীতে নবম ব্যাচ যে সক্রিয় তা আবারও প্রমাণ হলো।



*সপরিবারে জাহিদুস সালাম দীপক (৬/২৮০)*

## অরকা বৃত্তি তহবিলে দুই লক্ষ টাকা দান

রজত জয়ন্তী পূণর্মিলনীতে অংশ নিতে সুদূর আমেরিকা থেকে দেশে এসেছিলেন জাহিদুস সালাম দীপক (৬/২৮০)। কিন্তু পূর্ব নির্ধারিত তারিখে পুর্নমিলনী না হওয়ায় এবং সময়াভাবে পুনরায় আমেরিকা ফিরে গেছেন। তবে ফিরে যাবার আগে একটি মহৎ কাজ করেছেন। তিনি অরকা বৃত্তি তহবিলে কিছু নির্দিষ্ট শর্ত সাপেক্ষে দুই লক্ষ টাকা দানের অঙ্গীকার করেছেন এবং এ ব্যাপারে প্রয়োজনীয় কাগজ পত্র তৈরীর জন্য নির্বাহী কমিটিকে দিয়েছেন। এই মহৎউদ্যোগেরজন্য অরকা'র পক্ষ থেকে বিশেষ ধন্যবাদ জানানো হচ্ছে। দীপক কর্তৃক আরোপিত শর্তগুলো হচ্ছে–

- দানকৃত দুই লক্ষ টাকা কখনই ব্যাংক থেকে উঠানো যাবে না। মূল টাকার বার্ষিক লভ্যাংশ থেকে এই বৃত্তিদেয়াহবে।
- এই বৃত্তি শুধুমাত্র উত্তরাঞ্চলের সদস্যরাইপাবে।
- লভ্যাংশ থেকে বৃত্তিদানের পর যদি কোন অর্থ বেঁচে যায় তবে সেঅর্থ মূলধন ২ লক্ষ টাকার সাথে যোগহবে।
- নির্বাহী কমিটি কর্তৃক গঠিত অরকা বৃত্তি কমিটি এই বৃত্তির জন্য যে সব সদস্যদের নির্বাচিত করবেন তারাই এই বৃত্তি পাবে। তবে তাদের একাডেমিক রেকর্ডস বৃত্তি দাতাকেজানাতেহবে।
- এই বৃত্তির জন্য অরকা বৃত্তির ক্ষেত্রে উত্তরাঞ্চলের সদস্যদের জন্য কোন কোটা আরোপ করা যাবে না।



x অরকা আয়োজিত কলেজের ২৫ তম প্রতিষ্ঠা বার্ষিকীতে জাতীয় অধ্যাপক শামসুল হক, বিএফইউজের সাঃ সম্পাদক আমানুল্লাহ কবীর এবং অরকা কর্মকর্তাবৃন্দ।



x রজত জয়ন্তী প্রতীক সম্বলিত কেক কেটে পিকনিক '৯১–এর উদ্বোধন করছেন ফিরোজ (২/৫০) ভাবী, সাদিরুল ভাবী (২/৪৭), জসীম (৯/৫) ভাবী ও অন্যান্যরা।



– ৮৮'র বন্যায় অরকা ত্রান দলের চারপাশে দুর্গতদের ভীড়




x হোটেল সোনার গাঁ–এ অরকা আয়োজিত 'মাইলস নাইট'এর দৃশ্য।

# শ্যান কুইজ

**রজত জয়ন্তী সংখ্যার বিশেষ আকর্ষণ**

(১) 'বীরত্বের জন্য জাতীয় পদক (বীর বিক্রম) প্রাপ্ত অরকা সদস্য এবং কলেজ স্টাফের নাম কি?

(২)'বীরত্বের জন্য জাতীয় পদক (বীর বিক্রম) প্রাপ্ত অরকা সদস্য এবং কলেজ স্টাফের নাম কি?

(৩) কলেজ ফ্ল্যাগের ডিজাইনার কে এবং এর ব্যাখ্যা কি?

(৪) কলেজের ভিত্তি প্রস্তর স্থাপন করেন কে এবং কবে?

(৫) কলেজের উদ্বোধন করেন কে এবং কবে?

(৬) ক্যাডেট থাকা অবস্থায় মুক্তিযুদ্ধে অংশ নিয়েছিলে এরূপ পাঁচজন বিশিষ্ট ক্যাডেটের নাম সহ ক্যাডেট নম্বর।

(৭) তারিক হাউস কবে উদ্বোধন হয়েছিল?

(৮) পরাধীন বাংলাদেশের সর্বশেষ ডিউটি ক্যাডেট কে? (নামসহ ক্যাডেট নম্বর)।

(৯) ক্রে -কি?

(১০) 'বাঁশ' উপাধি কার ছিল?

(১১) 'নানা' উপাধি কার কার ছিল?

(১২) 'আইয়ুব কেড্স নামে খ্যাত কে?

(১৩) 'মাথায় বজ্র পড়ে না কেন? –এই বাক্যের জন্য খ্যাতি অর্জন করেছেন কে?

(১৪) Oh!-no!– এই অশুদ্ধ বাক্যের জন্য জনপ্রিয় হয়েছিলেন কে?

(১৫) Oh! ভাই, why don't you tell me that you don't undershand. If you don't tel me that you don't understand then how could I understand that you understand.–এই কালজয়ী উক্তিটি কার?

(১৬) কলেজ শহীদ মিনারের ডিজাইনার কে এবং এর ব্যাখ্যা কি?

(১৭)কলেজ মনোগ্রামের ডিজাইনার কে এবং এর ব্যাখ্যা কি?

(১৯) ইনি কে? [বিশেষ সূত্রঃ এটি কোন বটগাছ নয়]



বিঃদ্রঃ প্রত্যেকটি প্রশ্নই রাজশাহী ক্যাডেট কলেজ সম্বন্ধীয়। এই প্রতিযোগিতায়শুধু বর্তমান ক্যাডেটরাই অংশ নিতে পারবে। 'শ্যান কুইজ' শিরোনামে একটি সাদা কাগজে এই প্রশ্নগুলোর শুধু উত্তর লিখে ৪ঠা ডিসেম্বরের মধ্যে কলেজস্থ অরকা'র অস্থায়ী কার্যালয়ে জমা দিতে হবে। সর্বোচ্চ উত্তর দাতাদের-মধ্যে লটারীর মাধ্যমে শুধুমাত্র একজনকে 'ক্যাম্প ফায়ার' অনুষ্ঠান চলাকালীন সময়ে পুরস্কৃত করা হবে।



x অরকা পূণর্মিলনীতে অভিনীত একটি নাটকের শিল্পীবৃন্দ।

# বিশেষ ধন্যবাদ

রাজশাহী ক্যাডেট কলেজের ২৫ তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে রাজত জয়ন্তী পুর্নমিলনী সফল করতে আর্থিক সহায়তা দিয়ে সহযোগিতা করার জন্য নিম্ন লিখিত ব্যক্তি এবং প্রতিষ্ঠান সমূহকে অরকা'র পক্ষ থেকে বিশেষ ধন্যবাদ জানানো হচ্ছে। ব্যক্তি ও প্রতিষ্ঠান সমূহের নামঃ–

১)বিসিসিআই।
২) রহিম স্টীল মিল্স (প্রাইভেট) লিমিটেড।
৩) জেনারেল কনস্ট্রাকশন কোঃ লিমিটেড।
৪) আরোগ্য নিকেতন লিঃ।
৫) আজিম গ্রুপ।
৬) মুন্নু সিরামিক
৭) রেদওয়ান আহমেদ (এমপি)।
৮) গাজী দেলওয়ার হোসেন।
৯) আশরাফ উদ্দীন আহমেদ।
১০ ডক্টর মইনুদ্দীন।
১১ ।ওরিয়েন্টাল ইঞ্জিনিয়ারস্।
১২ ।ফারিসুলহক।
১৩। মির্জা হোসেইন হায়দার (৩/৯৯)।

# সুজা হায়দার স্যার ও কাদের স্যার কে ধন্যবাদ

রজত জয়ন্তী পূণর্মিলনীতে কলেজ ব্যায়ামাগারে একটি বিশেষ আলোকচিত্র প্রদর্শনীর ব্যবস্থা করা হয়েছে। যে প্রদর্শনীতে কলেজ প্রতিষ্ঠার পর থেকে এ পর্যন্ত অনুষ্ঠিতব্য কলেজের বিভিন্ন অনুষ্ঠানের ছবি, অরকা'র বিভিন্ন কর্মকান্ডের ছবি সহ বিভিন্ন মূল্যবান কাগজ পত্র প্রদর্শনীর ব্যবস্থা রাখা হয়েছে।

এই ছবি প্রদশনীর জন্য কলেজের প্রাক্তন শিক্ষক কাদের স্যার এবং সুজা হায়দার স্যার অরকাকে বিভিন্ন সময়ের অত্যন্ত মূল্যবান ছবি প্রদান করেছেন। এই দুষ্প্রাপ্য এবং মূল্যবান ছবি সরবরাহের জন্য অরকা'র পক্ষ থেকে কাদের স্যার এবং সুজা হায়দার স্যারকে বিশেষ ধন্যবাদ জানানো হচ্ছে। সেই সাথে সুজা হায়দার স্যারের কাছ থেকে এ ছবি অরকা'কে সরবরাহ করতে সহযোগিতা করার জন্য মীর্জাপুর ক্যাডেট কলেজের এ্যাডজুটেন্ট মেজর আনোয়ার সাবির (৭/৩৬৭) এবং ভাবীকেও বিশেষ ধন্যবাদজানানোয়াচ্ছে।

## অতন্দ্র ও নিশ্চিত–কে ধন্যবাদ

২৫ বছর প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে আয়োজিত রিইউনিয়নকে সফল করতে অতন্দ্র ও নিশ্চিত যে সেবা প্রদান করেছে এজন্য অরকা এ প্রতিষ্ঠান এবং প্রতিষ্ঠানের সত্বাধিকারী মেজর মাওলা (২/৫৮)'র কাছে ঋণী। এই অকৃত্রিম সেবার জন্য অতন্দ্র ও নিশ্চিতের সকল স্টাফ এবং মেজর মাওলাকে অরকা'র পক্ষ থেকেবিশেষধন্যবাদ।

অরকা'র কাজের চাপে ইতিমধ্যে মেজর মাওলা'র ওজন বেশ হ্রাস পেয়েছে। আশা করি রিইউনিয়ন শেষে তিনি তার হারিয়ে যাওয়া ওজন ফিরে পেতে সফল হবেন।

## সাইদ এবং সাইদ ভাবীকে ধন্যবাদ

রাজশাহী ক্যাডেট কলেজের রজত জয়ন্তী উপলক্ষে আয়োজিত রিইউনিয়নকে ঐতিহাসিক এবং অলংকৃত করণের কাজে বিশেষ ভূমিকা পালনের জন্য মীর্জা সাইদ ইস্কান্দার (২/৬৩) এবং সাইদ ভাবীকে অরকা'র পক্ষ থেকে বিশেষধন্যবাদজানাচ্ছি।

## অরকা ডিনার

রিইউনিয়নে রাজশাহী ক্যাডেট কলেজের সমস্ত ক্যাডেট এবং শিক্ষকদের জন্য অরকা একটি গ্রান্ড ডিনারের ব্যবস্থা করেছে। এটিই হচ্ছে 'অরকা ডিনার'। অরকা ডিনারটি স্পনসর করছেন অরকা প্রেসিডেন্ট মোঃ মুইদ (২/৪২)। অরকা ডিনারের জন্য অরকা প্রেসিডেন্টকেবিশেষধন্যবাদ।



▪ নাটক অভিনয়ের পরঃ– লুঙ্গি পরিহিত বাম পাশের পিচ্চিটি শহীদলে' সামাদ




▪ প্রভাত ফেরীতে অরকা



▪ আন্তঃকলেজ ক্রীড়া প্রতিযোগিতায় উপবিজয়ীদল '৭০



▪ জাতীয় ফুটবল কোচ হাফেজ রশিদের সাথে কলেজ ফুটবল দক্ষেয়েকজন'৬৯

▪ দীপক (৬/২৮০) ১৮ ই নভেম্বরের রিইউনিয়নে অংশ নিতে সুদূর আমেরিকা থেকে দেশে এসেছিলেন কিন্তু রিইউনিয়ন পিছিয়ে যাওয়াতে এবং সময়াভাবে ব্যর্থ মনোরথে ফিরে গেছেন। এই দুঃখজনক ঘটনার জন্য তার সাথে সাথে আমরাও দুঃখিত।

**৭ম ব্যাচঃ**

▪ মাহমুদুল হক (৭/৩৬৪) কলেজ থেকে বের হবার পর পরই নিখোঁজ হয়ে গিয়েছিলেন। অনেকে তাকে

## ব্যাচ সংবাদ

**১ম ব্যাচঃ**

x তানিম হাসান (১/১৮) সিলভার জুবিলী রিউনিয়ন কমিটির চেয়ারম্যান? সম্প্রতি ত্রিশ লক্ষ টাকা দিয়ে গুলশান ২ নং-এ একটি ফ্লাট কিনেছেন। ব্যবসা বেশ ভালই যাচ্ছে। অরকা ফান্ডে একটা বড় ধরণের ডোনেশনের চিন্তাভাবনা করছেন।

x মাহফুজ (১/২৯) অরকা ভাইস প্রেসিডেন্ট শেষ বয়সে পিএইচডি অর্জনের চেষ্টায় রাজশাহী বিশ্ববিদ্যালয়ে অবস্থান করছেন।

x মেজর আলী হাসান (১/২৬৭) সম্ভবতঃ লেঃ কর্ণেল পদে উন্নিত হয়েছেন। পদোন্নতির জন্য আগাম অভিনন্দন রইল।

**২য় ব্যাচঃ**

x অরকা প্রেসিডেন্ট মো আব্দুল মুইদ (২/৪২) সম্প্রতি বাংলাদেশ বস্ত্র প্রতিনিধি দলের সদস্য হয়ে চীন ভ্রমণ করে এসেছেন।


x ডঃ আবুল কালাম সাইফুল মজিদ (২/৪১) সম্প্রতি রাজশাহী বিশ্ববিদ্যালয় থকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আই, বিএতে সহকারী প্রভাষক হিসেবে যোগ দিয়েছেন।

x ডঃ রায়হান শরীফ (২/৭৩) মাস ছয়েক আগে পুত্র সন্তানের জনক হয়েছেন। সেই সঙ্গে জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়ের একটি হলের প্রভোষ্ট নিযুক্ত হয়েছেন। একই সঙ্গে দুটি আনন্দ সংবাদ পেলেও মিষ্টির কোন খবর পাওয়া যাচ্ছে না!


x সেলিম (২/১৩৮) মেয়ের আশা করতে গিয়ে তৃতীয় পুত্র সন্তানের জনক হয়েছেন। ডু নট্ ফলো হিম- সদস্যদের প্রতি পরামর্শ।

x সালাউদ্দীন (২/৬৭) পত্নী সম্প্রতি বিআরটিসি'র সিনিয়ার ইন্জিয়ার থেকে প্রিন্সিপ্যাল ইন্জিয়ার হয়েছেন। সালাউদ্দীন নতনয় নিয়মিতভাবে বাবার সাথে অরকা মিটিংগুলোতে অংশ নিচ্ছে।

x সাদিরুল ইসলাম (২/৪৭) সম্প্রতি ইউসিস কর্মসূচীর অধীন উচ্চতর শিক্ষার্থে যুক্তরাষ্ট্রে পাড়ি জমিয়েছেন বোস্টনের এক মরুভূমি সদৃশ্য স্থান থেকে ভিউকার্ডে লিখা এক পত্রের মারফত অরকা'র সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়েছেন।



– কলেজ উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথিকে নিয়ে আগত সীপ্লেন



x ইডেন কলেজে অরকা'র স্বেচ্ছা রক্তদান কর্মসূচী

x মোস্তাকুল হক (২/৭০) পত্নী জাপানে ডেন্টাল সার্জনে পিএইচডি করছেন। সে সূত্রে House husband হয়ে জাপান গিয়েছিলেন। এই অপবাদ অবশ্য তাকে বেশি দিন বহন করতে হয়নি। কিছুদিন পরেই তিনি সেখানে একটি চাকুরী ম্যানেজ করতে পারলেও বর্তমানে দেশে অবস্থান করছেন।

x মাওলা (২/৫৮)'র আম্মা বেশ কিছুদিন থেকে অসুস্থ। আমরা তার আশু রোগ মুক্তি কামনা করছি।

**৩য় ব্যাচঃ**

x এহসানুল্লাহ (৩/১০৮) অস্ট্রেলিয়া প্রবাসী। সম্প্রতি বাবাকে- হারিয়েছেন (ইন্নালিল্লাহে......রাজেউন) পিতৃবিয়োগে দেশে এসেছিলেন। উল্লেখ্য, তিনি অরকা মনোগ্রামের ডিজাইনার।

x লেঃ কর্ণেল হারুন (৩/১৩১)-এর গত ২০শে ডিসেম্বর এনগেজমেন্ট হলো। শুভকাজে এত দেরী করতে নেই। জানা গেছে বিয়ের পর তার শরীরের তাপমাত্রা উদ্বেগজনকভাবে বেড়ে গেছে। রি ইউনিয়নে একটি বিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের জন্য তাকে অরকার পক্ষ থেকে বিশেষ ধন্যবাদ।

**৪র্থ ব্যাচঃ**

x উলফাত (৪/১৯১)-এর বাবা মাসখানেক আগে ইহকাল ত্যাগ করেছেন। (ইন্নালিল্লাহে--- রাজেউন) আমরা মরহুমের মাগফেরাত কামনা করছি এবং শোকতপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানাচ্ছি।

**৫ম ব্যাচঃ**

x মামুন (৫/২১১) বেশ কিছু দিন হলো বিয়ে করেছেন। বর্তমানে লন্ডনের রয়াল ক্রেডিট লিঃ-এর জেনারেল ম্যানেজার পদে অধিষ্ঠিত আছেন। (সিলেটীরা এখন থেকেই লাইন দিতে পারেন) সম্প্রতি বড় ভাই লেঃ কঃ হারুন (৩/১৩১)-এর এনগেজমেন্ট উপলক্ষে দেশে এসে গত২৬ নভেম্বর আবার লন্ডন ফিরেগেছেন।

**৬ষ্ঠ ব্যাচঃ**

x শিবলী (৬/২৮৪) সম্প্রতি এক কন্যা সন্তানের বাবা হয়েছেন। নবজাতকের মাও যেহেতু ক্যাডেট সেহেতু নবজাতক অচিরেই সুপার গার্লস ক্যাডেট হিসেবে আবির্ভূত হতে পারে। সম্ভাব্য সুপার ক্যাডেটের নাম রাখা হয়েছে সুমাইয়াসায়াতরুবামা।

x মেজর হাফিজ (৬/৩০৪) ইউনিকনের সদস্য হিসেবে বর্তমানে ইরাক-কুয়েত সীমান্তে অবস্থান করছেন। দেশে ফিরলেই লেঃ কর্ণেলে উন্নতি হবেন। ইতিমধ্যে বৌকে আমেরিকায় পাচার করে দিয়েছেন। অচিরেই একজন ইয়াঙ্কির বাবা হতে যাচ্ছেন।

x আসাদ (৬/২৭০) ফ্লাইট লেঃ থেকে স্কোয়ার্ড্রন লীডারে উন্নতি হয়েছেন। পদোন্নতির জন্য অরকা'র পক্ষ থেকে বিশেষ অভিনন্দন।

x বিদ্যুৎ (৬/২৯২) তল্পিতল্পা নিয়ে সিঙ্গাপুরে পালিয়েছেন। জানা গেছে ব্যবসা ছেড়ে কম্পিউটার শিক্ষাকতায় মনোনিবেশ করেছেন।

x অপু (৬/৩১২) কম্পিউটার ব্যবসা সিঙ্গাপুরের রমরমা হওয়ায় অস্ট্রেলিয়া ছেড়ে সিঙ্গাপুরে এসেছেন। পেশা কম্পিউটার শিক্ষক।

x ইকবাল (৬/৩১৮) এক বছরের উচ্চতর ট্রেনিং নিতে এখন ইউ, কেতে অবস্থান করছেন। বিশেষ সূত্রে জানা গেছে, এই ট্রেনিংটি পরিবার পরিকল্পনার উপরে।

x হুমায়ন কবীর (৬/৩০২) সম্প্রতি মেজর থেকে লেঃ কর্ণেল পদে উন্নিত হয়েছেন। পদোন্নতির জন্য অরকা'র পক্ষ থেকে বিশেষ অভিনন্দন রইল।

x শরীফ (৬/২৭৬) ও সম্ভবতঃ লে' কর্ণেল পদে উন্নিত হয়েছেন। না হয়ে থাকলেও আগাম অভিনন্দন রইল। পুলিশী হয়রানি থেকে রক্ষা পেতে হলে তার সাথে যোগাযোগ করতে পারেন!

x আনোয়ার উল আজীম (৬/৩১৭) সম্প্রতি আমেরিকা থেকে দেশে এসেছিলেন। আর এ সুযোগেই বাবা মা জোর করে বিয়ের পিঁড়িতে বসিয়েছেন। বিয়ের প্রতি এত অনীহার কারণ কি? ছ্যাক্যা --- - মাইসিন খাননি তো?

মৃত বলেও ধরে নিয়েছিল। কিন্তু সবাইকে অবাক করে দিয়ে আগামী রিইউনিয়নে ১৪ বছর পর ব্যাচ মেটদের সামনে সশরীরের হাজির হচ্ছেন। ভাওয়ালের রাজার মৃত থেকে জীবিত হবার পর এ ধরনের ঘটনা এই প্রথম।

X মেজর ফজলুল (৭/৩৬২) দ্বিতীয় পিএসসি করতে ভারত গেছেন।

X আরিফ (৭/৩৭২) উচ্চতর ট্রেনিং-এর জন্য ইংল্যান্ডে অবস্থান করছেন।

X মেজর আমিনুল হাসান (৮/৪১৪) জাতিসংঘ পর্যবেক্ষণ মিশনের সদস্য হয়ে পশ্চিম সাহারায় অবস্থান করছেন। পশ্চিম সাহারার নির্যাতিত মানুষের ভাগ্যন্নোয়নে তার এই অংশগ্রহণকে অভিনন্দন।

X ডাঃ শাহীন (৮/৪১৭) রাজশাহী মেডিক্যাল কলেজ হাসপাতালের ১০ নং শিশু ওয়ার্ডের সহকারী রেজিষ্টার হিসেবে কর্মরত। এর আগে এনাটমী বিভাগের প্রভাষক ছিলেন।

৯ম ব্যাচঃ

X সাইফুল ইসলাম শাহীন (৯/৪৫২) প্রায় বছর খানেক আগে বিয়ে করেছেন। গিন্নী রাজশাহী বিশ্ববিদ্যালয়ের একাউন্টিং মাষ্টার্স পরীক্ষার্থিনী। শাহীনের এই আনন্দ সংবাদ দেরী করে স্প্যানে প্রকাশিত হওয়ায় আমরা দুঃখিত। (১৪/৮১০) এবং মাইনুল (১৫/৮৬০)।

X হাবিবুর রহমান (৭/৪৭৫) সম্প্রতি ইংল্যন্ড তেকে পিএইচডি করে ফিরেছেন। অচিরেই ঢাকা বিশ্ববিদ্যালয়ে জয়েন করতে যাচ্ছেন। আগে সাহস সঞ্চয় করুন তার পর এ পথে পা বাড়ান।

## ১০ম ব্যাচঃ

কোন সংবাদ আমাদের হাতে পৌছেনি।

## ১১শ ব্যাচঃ

X ফজলে আলমগীর (১১/৫৮০) তড়িঘড়ি করে বিয়ে করেই জাম্বিয়া পালিয়েছেন। সেখানে তিনি একটি ব্যাংকে ম্যানেজার পদে কর্মরতআছেন।

X ইতু (১১/৬৩৮) ইতিমধ্যে ২৪ বার স্বেচ্ছায় রক্তদান করেছেন। কলেজের ২৫তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে আয়োজিত রিইউনিয়নে ২৫ বারের মত রক্তদানের জন্য অপেক্ষা করছেন। তার এই মহৎ উদ্যোগকেস্বাগত।

## ১২শ ব্যাচঃ

X সেলিম (১২/৬৫২) সম্প্রতি শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ইউ,কেতে পিএইচডি'র জন্য কমনওয়েলথ বৃত্তিরজন্যমনোনীতহয়েছেন।

## ১৩শ ব্যাচঃ

X ব্যাচমেট মরহুম হাসান (১৩/৭৪৪) এবং সাজুর (১৩/) স্মরণে (+ ১৩শ ব্যাচের পক্ষ থেকে কিছু বই কলেজ লাইব্রেরীকে উৎসর্গ করার পদক্ষেপ নেয়াহয়েছে।

X ক্যাপ্টেন সাইদ (১৩/৭৪১) যুদ্ধোত্তর পুনর্বাসন প্রক্রিয়ায় অংশ নিতে বাংলা দেশ সেনাবাহিনী দলের সদস্য হিসেবে কুয়েতে অবস্থানকরছেন।

X নাঈম (১৩/৭২৩) উচ্চতর শিক্ষার্থে বর্তমানে সিঙ্গাপুরে অবস্থানকরছেন।

X জাহিদ ৯১৩/৭২১) উচ্চতর শিক্ষার্থে বর্তমানে অষ্ট্রেলিয়ায় অবস্থানকরছেন।

X নিয়াজ (১৩/৭০৩)-এর বৌ দেখা পাকা পাকি --- আপনি কি বলেন?

X রতন (১৩/৭১৩) একজনের ভায়রা হতে যাচ্ছেন- এক্ষেত্রে উীলনের আনাগোনা হতে পারে। অতএব্সাবধান।

X মোকাদ্দেম (১৩/৭১১) মোকা-রতন ভায়রা ভাই। কিস্সু বুঝলাম না।

X শাহীন (১৩/৭০০) রাজশাহী বিশ্ববিদ্যালয়ের জিওলজি মাইনিং বিভাগে প্রভাষক হিসেবে জয়েন করেছেন। অরকা'র পক্ষ থেকে বিশেষঅভিনন্দন।

X রূপম (১৩/৭৩৪), টিপু (১৩/৭৪৩) মুকুল (১৩/৭২৪) এবং প্রিন্স (১৩/৭৪৮)-এর জন্য প্রাত্রী চায়। অরকা ভাবীরা বোনদের জন্য Bio-data নিয়ে যোগাযোগ করুন।কাজেআসতেপারে।

X মাহমুদ (১৩/৭৪৭)-এর বিশেষ রাজনীতিতে জড়ানো ব্যাচ মেটদের কারোপছন্দ নয়।

X জালাল (১৩/৭২৬), ডিকেন (১৩/৭০৯), প্রভাষ (১৩/৭২০) এরা সকলেই কাজী অফিসে তাদেরনামরেজিষ্ট্রেশনকরিয়েছেন।

## ১৪শ ব্যচঃ

X ক্যাপ্টেন এহসানুল বারী (১৪/৮০৪) বছর খানেক হলো নারায়ণগঞ্জের(!) এক মেয়েকে বিয়ে করেছেন। অতি সম্প্রতি ঝিনাইদহ ক্যাডেট কলেজের এ্যাডজুটেন্ট হিসেবে মনোনীত হয়েছেন।

X ডাঃ উপল (১৪/৭৫৬) আগামী বছরের মাঝামাঝি আমেরিকার উদ্দেশ্যে আকাশে উড়বেন যদিও তা কম মানাবে। যাবার আগে শুভ কাজটা সেরে যেতে চাইলেও ইতমধ্যে কয়েকটি প্রস্তাব মেয়ে পক্ষ থেকে নাকচ হওয়ায় ভীষণ ভেঙ্গেপড়েছেন।

X মোহাম্মদউল্লাহ (১৪/৭৭১) প্রেমের শেষ দেখতে চেয়েছেন।

X মোক্তারুল ওয়াদুদ (১৪/৭৯৬) সম্প্রতি অর্থনীতি মাষ্টার্সে প্রথম শ্রেণীতে প্রথম হয়ে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে প্রভাষক হিসেে যোগ দিয়েছেন। কৃতিত্বের জন্য অরকা'র পক্ষ থেকে বিশেষ অভিনন্দন রইল।

X ইব্রাহিম কামাল (১৪/৭৭২) সস্ত্রীক রাশিয়ায় বসবাস করছেন এবং ইতিমধ্যেই এক সন্তানের জনকহয়েছেন।

X ক্যাপ্টেন ফতেহ আলম ইবনে তাবিব (১৪/ ) অতি সম্প্রতি মীর্জাপুর ক্যাডেট কলেজের এ্যাডজুটেন্ট হিসেবে মনোনীত হয়েছেন।

## ১৫ শ ব্যাচঃ

X শিবলী (১৫/৮১৪) বুয়েটের লেখা পড়ার পাঠ চুকিয়ে ডলফিন কম্পিউটার্সে প্রোগ্রামার হিসেবে কর্মরত।

X সাব লেঃ মেসবাহ (১৫/৮৬২) সম্প্রতি প্রমোশন পেয়ে লেফটিন্যান্ট পদে উন্নতি হয়েছেন। পদোন্নতির জন্য বিশেষ অভিনন্দন রইল।

X মোরশেদ (১৫/৮২২) বিআইটি খুলনা থেকে শিক্ষাজীবন শেষ করে কর্মজীবন্প্রেবেশকরেছেন।

## ১৬শ ব্যাচঃ

X রকেট (১৬/৮৯৮) ১৬ শ ব্যাচের মধ্যে প্রথম বাবা হবার যোগ্যতা অর্জন করেছেন। সম্প্রতি এক পুত্র সন্তানের জনক হয়েছেন। জানা গেছে, বাঁদরামিতে ছেলে বাবার চেয়ে দুই ডিগ্রী উপরে। ব্যাচের ১ম জেনারেশনেরজন্যদোয়ারইল।

X পুলক (১৬/৮৯৬) তার মাকে হারিয়েছেন গত ০৩.১২.৯০-এ (ইন্নালিল্লাহে.......রাজেউন)। আমরা মরহুমার আত্মার মাগফেরাত কামনা করছি এবং শোকতপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনজ্ঞানাচ্ছি।

X ক্যাপ্টেন ফিরোজ (১৬/৯০৫) এবং ক্যাপ্টেন জাকির (১৬/৮৮১) সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষে আয়োজিত সমরাস্ত্র প্রদর্শণীতে দায়িত্ব পাবার সুযোগে বৌ পছন্দের জন্যই অধিক সময় ব্যস্ত ছিলেন। জানিনা তাদের বৌ পছন্দ হয়েছে কি-না, কিংবা পছন্দকৃত বৌ তাদের পছন্দ করেছে কি-না। তবে শেষেরটির সম্ভাবনাই বেশি।

X ইদ্রিস (১৬/৯১৪) ব্যাচের প্রথম প্রকৌশলী হিসেবে স্বীকৃতি পাওয়ায় ব্যাচ মেটরা অভিনন্দন জানিয়েছেন।

X ভূঁইয়া (১৬/৮৮৭)'র আব্বা ভীষণ অসুস্থ। সুস্থতা কামনা করে দোয়া করার জন্য সকল সদস্যদের প্রতিঅনুরোধরইল।

## ১৭ শ ব্যাচঃ

X সুমন (১৭/৯৩৭) সম্প্রতি ভারত থেকে মগজ ধোলাই করে ফিরেই বিবাহবন্ধনেআবদ্ধহয়েছেন।

## ১৮ ব্যাচঃ

X আসাদ (১৮/৯৭৮) গভীর প্রেমে হাবুডুবু খাচ্ছেন। উদ্ধারকারী জাহাজ গাজী'রও সাধ্য নেই তাকে উদ্ধারকরার।

## ১৯ শ ব্যাচঃ

X আফতাব (১৯/১০৭৩) উচ্চ শিক্ষার্থে গত ১০ সেপ্টেম্বর তুরস্কের উদ্দেশ্যে দেশত্যাগ করেছেন।

X কাদের (১৯/১০৪৯) অরকা সদস্যদের মধ্যে কনিষ্ঠতম পিতা হবার গৌরব অর্জন করেছেন। নবজাতকের প্রতি বিশেষ শুভেচ্ছা রইল।

## ২০ শ ব্যাচঃ

X সাকলায়েন (২০/১০৭৫) বর্তমানে কানপুর আইআইটিতে অধ্যায়নরত

X ফিরোজ (২০/১১১১) বাংলাদেশ নৌবাহিনী থেকে প্রশিক্ষণের জন্য জার্মানীতেঅবস্থানকরছেন।


X নাভীদ (২০/১১২১), আরিফ ( ২০/১১১৪), নূর (২০/১১১০) এবং বেলাল (২০/১০৭৬) উচ্চ শিক্ষার্থে কয়েক মাস আগে আমেরিকাপাড়িদিয়েছেন।

## ২১শ ব্যাচঃ

X উচ্চ শিক্ষার্থে মাকসুদ (২১/১১৩৯) জাপানে, রেজা (২১/১১৩৫) চীনে, ফরহীজ (২১/১১৪৭) রাশিয়ায় গিয়েছেন।

X নেভী থেকে বুয়েটে আসছেইমরোজ(২১/১১২৯)।তার ও হের গন্তব্যস্থলের দূরত্ব কমে গেল।

X আমেরিকার ভিসা পাবর জন্য নাজবুল (২১/১১৩২) ভূয়া কাবিননামা নিয়ে ঘুরে বেড়াচ্ছে। তবে ব্যাচমেটদের সন্দেহ সে সত্যি সত্যিই বিয়ে করে ফেলেছে।



৪ প্রথম অধ্যক্ষ উইং কমান্ডার এম সৈয়দ এর সাথে ১ম, ২য় ও ৩য় ব্যাচ(১৯৬৬)

## SPECIAL ANNOUNCEMENT

On the occasion of the Silver Jubilee Reuniom 1991, orca has published a voluminous MEMBER'S DIRECTORY Containing name, address, telephone and photographes of all members from 1st batch through 21st bacth.

The price of the directory has been fixed at Tk. 200(Tk.100 for students) Us Dollar 10 and stg. Pound 6 only plus postage cost, if applicable.

Sale proceeds of the directory would go to orca scholarship fund only limited copies are available for sale, strictly on first come first serve basis.

So, rush your order to-day to orca office, Dhaka.

এই ডাইরেক্টরী প্রকাশ করতে অক্লান্ত পরিশ্রম করেছেন টিউলিপ (৭/৩৩৪)। মূলতঃ তারই মাসব্যাপী অক্লান্ত পরিশ্রমের কারণে দীর্ঘ প্রতীক্ষিত এই অরকা ডাইরেক্টরী প্রকাশ করা সম্ভব হয়েছে। অরকা'র পক্ষ থেকে এজন্য টিউলিপকে বিশেষ ধন্যবাদ জানানো হচ্ছে। সেই সাথে ডাইরেক্টরী প্রকাডশ তাকে বিভিন্নভাবে সহযোগিতা করার জন্য হায়দার (৩/৯৯) মোকাদ্দেম (১৩/৭১১), খোকন (১৪/৭৯৯) এবং আসাদ(১৮/৯৭৮) কে অরকা'র পক্ষ থেকে বিশেষ ধন্যবাদ জানানো হচ্ছে।

## বাপ–কা–বেটা

বাবাও ক্যাডেট ছেলেও ক্যাডেট–এই প্রথম এ ধরণের একটি দুর্লভ ঘটনা ঘটেছে রাজশাহী ক্যাডেট কলেজে। সম্প্রতি মেজর মনোয়ার হোসেন (৩/১২৫) এর ছেলে এইচ,এম তাহ্সীন হোসেন '১৯৯১ সালের ক্যাডেট কলেজ ভর্তি পরীক্ষায় চূড়ান্তভবে নির্বাচিত হয়ে এই ঘটনার সৃষ্টি করেছে। নিঃসন্দেহে রাজশাহী ক্যাডেট কলেজের ইতিহাসে এটি একটি বিরল ঘটনা। বাবার যোগ্য উত্তর সূরী তাহসীনের ক্যাডেট নং–১৫০৫।

২৫ বছর পূর্তি উপলক্ষে বাপ–কা–বেটার সন্ধান মিললো আশা করি, ৫০ বছর পূর্তি উপলক্ষে দাদু–কা–নাতি'র সন্ধান পাওয়া যাবে। উল্লেখ্য অরকা'কে লিখা এক বিশেষ পত্রের মাধ্যমে মনোয়ার তার ছেলের জন্য সদস্যদেরদোয়াচ্চেয়েছেন।

## আব্দুল হামিদের শুভেচ্ছা

উত্তর আমেরিকা থেকে পাঠানো এক বার্তায় রাজশাহী ক্যাডেট কলেজের ১নম্বর ক্যাডেট শেখ আব্দুল হামিদ (১/১) রজত জয়ন্তী পূণর্মিলনীর প্রাক্কালে কলেজের অতীত ওবর্তমান সকল ক্যাডেট, শিক্ষক এবং অন্যান্য কর্মচারীদের শুভেচ্ছা জানিয়েছেন এবং এই আনন্দঘন অনুষ্ঠানে নিজে উপস্থিত না হতে পারায় দুঃখ প্রকাশ করেছেন।

## অরকা মহাসচিবের শুভেচ্ছা

পেশাগত কাজে ইন্দোনেশিয়ায় অবস্থানরত নির্বাচিত অরকা মহাসচিব (বর্তমানে) ছুটিতে) ফ. আ. ম খুরশীদ (২/৫১) অরকা'র কাছে লিখা এক পত্রের মাধ্যমে রজত জয়ন্তী পুণর্মিলনী ঃ৯১–এর প্রাক্কালে রাজশাহী ক্যাডেট কলেজের সকল অতীত ও বর্তমান ক্যাডেট শিক্ষক এবং কর্মচারীদের শুভেচ্ছা জানিয়েছেন এবং এই ঐতিহাসিক অনুষ্ঠানে নিজে উপস্থিত না থাকতে পারায় দুঃখ প্রকাশ্করেছেন।

**২২ শ ব্যাচঃ**

- অরকা'র কনিষ্ঠতম ব্যাচ হিসেবে সকলের দোয়া প্রার্থী।
- শহীদ (২২/), জাহিদ (২২/) আর্মিতে সাইফুল (২২/), হায়দার (২২/) নেভীতে এবং জামিল (২২/) ও রাশেদ (২২/) এয়ার ফোর্সে চান্স পেয়েছে।

## আই কিউ (!) টেস্ট

বলুন দেখি ইনি কে?



- ☐ মাওলা (২/৫৮)'র ২য় স্ত্রী।
- ☐ মনিশ (২/৭৪) এর ------।
- ☐ জাকারিয়া (১/৩৩)'র সদ্য বিবাতিস্ত্রী।
- ☐ সালাউদ্দীন (২/৬৭)–এর গার্লফ্রেন্ড।
- ☐ টিউলিপ (৭/৩৩৪)–এর পরকীয়া---।
- ☐ তারেক আবুল আলা (৩/১৩৩)'র ৫ম স্ত্রী।
- ☐ শিবলী (৬/২৮৪)'র শ্যালিকা
- ☐ পলিন (১০/৫৩৪)–এর বোন।
- ☐ মঞ্জুর (১২/৬৯৬)'র সম্ভাব্য স্ত্রী।
- ☐ মোকাদ্দেম (১৩/৭১১)–এর আন্টি।
- ☐ ভূঁইয়া (১৬/৮৮৭)'র স্বপ্নের রাণী।
- ☐ মতিন (৩/১০২)–এর জৈষ্ঠ্যা কণ্যা।
- ☐ জসীম (৯/৪৬১)–এর বোন।
- ☐ দস্তগীর (১৭/৯৬০)–এর খালা।
- ☐ চিত্র নায়িকা শর্বরী।

সঠিক উত্তরের বাম পাশে টিক (√) চিহ্ন দিন।

**FROM,** **TO** **BOOK POST**

RAJSHAHI CADET COLLEGE 1966-91

**Orca,**
**250, NEW ELEPHANT ROAD**
**DHAKA-1205**
**BANGLADESH**

Mr. Sufi Hussain Zulfiqar Rahman (3/1
Dy. Manager.
Petro Bangla.
BSB Bldg.
Motijheel. Dhaka.